

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

টেকনিক্যাল পদ

- ১। চঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে “ড্রাফটসম্যান” প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে বি.এসসি পাশ হতে হবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp Revit ইত্যাদি) প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। অথবা এইচ.এস.সি পাশসহ ভোকেশনাল ইন ড্রাফটিং এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp Revit ইত্যাদিতে দক্ষতা থাকতে হবে।
- ২। চঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে “ড্রাফটসম্যান কাম ক্যাড অপারেটর” প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে Bangladesh Technical Education Board থেকে Diploma in Civil Engineering বা Architecture কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান বা সমমান পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং তৎসহ Auto Cad, Lumion, SkechUp ইত্যাদিতে দক্ষতা থাকতে হবে।
- ৩। চঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে “ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান” ডিএইআরএস অধীন কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের ৩টি এবং মেশিন শপের ৩টি স্থায়ী পদ : প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. পাশ হতে হবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ২(দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃইকুইপমেন্টস/ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি/প্রজেক্টর/কম্পিউটার এক্সেসরিজ মেরামত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

বি: দ্র: প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। “অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।”

অনলাইনে <https://recruitment.buet.ac.bd/> সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য অফিস/বিভাগ অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের “Application Guideline” মেনুতে বর্ণনা করা হয়েছে। প্রতিটি পদের জন্য চঃ ৩০০/- (তিনশত) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card সাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (www.buet.ac.bd/regoffice)-এ প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ : ২১/০৩/২০২৩

Uddin
27/03/23

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ. দা.)